

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৪
১০ এপ্রিল ২০১৭

নং- ২৬.০০.০০০০.০৯০.১১.২০.০০৬.১৪- ৭২

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের স্মারক নং ৮০.১০৩.০১১.০০.০০৬.২০১৫-৮৩, তারিখ ২০ এপ্রিল ২০১৬ এর সুপারিশক্রমে নিম্নে বর্ণিত ০৩ (তিন) জন প্রার্থীকে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীনস্থ জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের নন-ক্যাডার (১ম শ্রেণি) 'সহকারী পরিচালক' পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২,০০০-২৩১০০-২৪২৬০-২৫৪৮০-২৬৭৬০-২৮১০০-২৯৫১০-৩০৯৯০-৩২৫৪০-৩৪১৭০-৩৫৮৮০-৩৭৬৮০-৩৯৫৭০-৪১৫৫০-৪৩৬৩০-৪৫৮২০-৪৮১২০-৫০০৬০/-বেতনক্রমে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

- (ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী টাকা ২২,০০০- ৫০০৬০/-বেতনক্রমে বেতন এবং প্রচলিত সরকারি নিয়মানুযায়ী অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন ;
- (খ) জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর নিজস্ব ব্যয়ে বাধ্যতামূলকভাবে প্রত্যেককে কম্পিউটার প্রশিক্ষণ প্রদান করে কর্মে নিয়োজিত করবেন ;
- (গ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা দুই বৎসর শিক্ষানবিস হিসেবে কাজ করবেন। শিক্ষানবিসকালে যদি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে চাকুরীতে বহাল রাখা অনুপযোগী বলে বিবেচিত হয় তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরী হতে অপসারণ করা যাবে ;
- (ঘ) চাকুরীতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না ;
- (ঙ) যদি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে ;
- (চ) চাকুরীতে জ্যেষ্ঠতা বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের সুপারিশকৃত মেধা তালিকা/সরকারি বিধি মোতাবেক নির্ধারিত হবে এবং
- (ছ) এ পত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।


২। উল্লেখ্য, নিয়োগপ্রাপ্ত কোন প্রার্থীর পরবর্তীতে যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, জালিয়াতির আশ্রয় গ্রহণ করলে, অসত্য তথ্য প্রদান বা অন্য কোন ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোন গুরুতর (Substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে বা এরূপ কোন তথ্য প্রকাশ বা প্রমানিত হলে তাকে চাকুরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে যে কোন উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৩। যদি উল্লিখিত শর্তাবলী নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার নিকট গ্রহণযোগ্য হয় তাহলে আগামী ২৩ এপ্রিল ২০১৭ খ্রি:/ ১০ বৈশাখ ১৪২৪ বঙ্গাব্দ তারিখে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, ঢাকায় যোগদানের জন্য তাকে অনুরোধ করা হলো।

৪। পদের নাম : সহকারী পরিচালক

ক্রমিক নম্বর	পিএসসির সুপারিশের ভিত্তি	প্রার্থীর নাম	বিপিএসসি রেজিস্ট্রেশন নম্বর
১.	মুক্তিযোদ্ধা	মোঃ শাহ আলম	রেজিস্ট্রেশন নম্বরঃ ০৬৩১৭৪
২	মুক্তিযোদ্ধা	মুহাম্মদ মহিউদ্দিন মিরাজ	রেজিস্ট্রেশন নম্বরঃ ০৩০৪০২
৩.	মুক্তিযোদ্ধা	মোঃ মামুন-আর-রশিদ	রেজিস্ট্রেশন নম্বরঃ ২১১৩২৬

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০/০৪/১৭
(মো: আবুল কালাম আজাদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৫১৩৫৭
sas.admn5@mincom.gov.bd

নং- ২৬.০০.০০০০.০৯০.১১.২০.০০৬.১৪-৭২

তারিখঃ ২৭ চৈত্র ১৪২৪
১০ এপ্রিল ২০১৭

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার এন্ড অডিটর জেনারেল, বাংলাদেশ।
- ০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়/ প্রধানমন্ত্রীর কার্যালয়।
- ০৬। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ০৭। রেজিস্ট্রার, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র, সাভার, ঢাকা।
- ০৮। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকা।
- ০৯। অতিরিক্ত সচিব (সকল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১০। মুগ্ধসচিব (সকল), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১১। উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য এবং ২০ (বিশ) কপি মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কারওয়ান বাজার, টিসিবি ভবন, ঢাকায় প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ১২। মন্ত্রীর একান্ত সচিব (উপসচিব), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৩। সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ১৪। জনাব আবু সালেহ মোহাম্মদ এমরান, পরিসংখ্যান কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ৮৩/বি, নিউ সার্কুলার রোড, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ১৬। জনাব মোঃ শাহ আলম, পিতা-মাইজদ্দীন সরকার, গ্রাম-চাঁদের পাড়া, ডাকঘর-বারদী বাজার, থানা-সোনারগাঁ জেলা-নারায়নগঞ্জ।
- ১৭। জনাব মুহাম্মদ মহিউদ্দিন মিরাজ, পিতা-মৃত হেমায়েত উদ্দিন মিঞা, গ্রাম-বিলবিলাস, ডাকঘর- বিলবিলাস, থানা- বাউফল জেলা- পটুয়াখালী।
- ১৮। জনাব মোঃমামুন-আর-রশিদ, পিতা- মোঃ রহমতুল্লা মোল্লা, গ্রাম- গোছা, ডাকঘর- গোছা, থানা-মোহনপুর, জেলা-রাজশাহী।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২০/০৪/১৭

(মোঃ আবুল কালাম আজাদ)
সিনিয়র সহকারী সচিব